

# কালের কর্ত্ত

আপডেট : ১৭ আগস্ট, ২০১৮ ২৩:২৪

সানিডেল স্কুল

‘এ’ লেভেলের ৭৪ শিক্ষার্থীর সনদ লাভ



রাজধানীর ধানমণ্ডিতে গতকাল সানিডেল স্কুলের প্র্যাজুয়েশনপ্রাপ্ত শিক্ষার্থীদের সঙ্গে অতিথিরা। ছবি : কালের কর্ত্ত

সানিডেল স্কুলের প্র্যাজুয়েশন সেরিমনি গতকাল শুক্রবার রাজধানীর গলফ গার্ডেন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। প্র্যাজুয়েশন শেষ করা অ্যাডভান্সড লেভেলের (এ লেভেল) ৭৪ জন শিক্ষার্থীর হাতে অনুষ্ঠানে সনদ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সেন্ট্রাল হাসপাতাল, ঢাকার কনসালট্যান্ট সার্জন প্রফেসর ডা. মতিউর রহমান। বিশেষ অতিথি ছিলেন সাবেক রাষ্ট্রদূত ও সচিব মাহমুদ হাসান। এ ছাড়া বক্তব্য দেন সানিডেল স্কুলের বোর্ড অব ডিরেক্টরদের চেয়ারম্যান ড. তানভীর আহমেদ খান ও স্কুলের অধ্যক্ষ তাজিন আহমেদ।

প্রফেসর ডা. মতিউর রহমান বলেন, সানিডেল একটি শৈর্ষস্থানীয় ইংলিশ মিডিয়াম স্কুল। এই স্কুল থেকে পাস করা গ্যাজুয়েটদের আজ থেকে নতুন অধ্যায় শুরু হলো। আশা করি এই শিক্ষার্থীরা পৃথিবীর যেখানেই যাবে সেখানেই তাল মেলাতে পারবে।'

মতিউর রহমান বলেন, শিক্ষার্থীদের জন্য আজকের দিনটি একদিকে আনন্দের আবার অন্যদিকে কষ্টের। আনন্দের এ জন্য যে শিক্ষার্থীরা এখন নতুন জীবনে প্রবেশ করবে। ইউনিভার্সিটিতে তাদের পড়ালেখা শুরু করবে। আর কষ্টের এ জন্য যে স্কুলে তারা ১২ বছরেরও বেশি সময় অতিবাহিত করেছে, সেই স্কুল আজ তাদের ছেড়ে যেতে হচ্ছে।' তিনি আরো বলেন, 'শিক্ষাই এই পৃথিবীর সবচেয়ে বেশি শক্তিশালী। তাই শেখার কোনো বিকল্প নেই। তবে শিক্ষকদের অনুরোধ করব, তারা যেন শিক্ষাদানের পাশাপাশি একজন শিক্ষার্থীকে পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তোলেন।'

স্কুলের অধ্যক্ষ তাজিন আহমেদ বলেন, 'আমাদের স্কুল ৩৩ বছরের পুরনো একটি ঐতিহ্যবাহী স্কুল। এই স্কুল থেকে একজন শিক্ষার্থী পরিপূর্ণ শিক্ষা নিয়ে বেড়ে ওঠে। এ ছাড়া সহ শিক্ষা কার্যক্রমকে আমরা খুবই গুরুত্ব দিয়ে থাকি। আজ যে ৭৪ জন গ্যাজুয়েশন শেষ করল তাদের সবাইকে অভিনন্দন।'

অনুষ্ঠানে গ্যাজুয়েশন শেষ করা দুজন শিক্ষার্থী তাদের অভিব্যক্তি প্রকাশ করে। এতে তারা সানিডেল স্কুলের প্রতি তাদের কৃতজ্ঞতা জানায়। এ ছাড়া অনুষ্ঠানের ফাঁকে ফাঁকে শিক্ষার্থীদের নানা পরিবেশনা উপস্থিত শিক্ষক ও অভিভাবকদের বিমোহিত করে। সব শেষে সার্টিফিকেট বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)